গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রধান কার্যালয়
৪১, সেগুন বাগিচা ঢাকা-১০০০।
**Website: www.dnc.gov.bd**

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর বিভাগীয় কর্মকর্তাদের সাথে এপ্রিল, ২০২২ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ আব্দুস সবুর মন্ডল পিএএ
মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।

তারিখ ও সময় : ২১ এপ্রিল, ২০২২, সকাল ১১:০০ ঘটিকায়।

সভার স্থান : অধিদপ্তরের সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিতি : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা) জানান যে, ২৪ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী ইতোমধ্যে সকলের নিকট প্রেরণ করা হয়েছে। উক্ত সভার কার্যবিবরণীর উপর কোন সংশোধনী বা সংযোজনীর প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

০২। অত:পর বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় পর্যালোচনা করা হয় এবং আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিতভাবে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ। | (ক) অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীগণ প্রশিক্ষণ শেষে দাপ্তরিককার্যে কর্মদক্ষ হয়ে উঠতে পারে সে লক্ষ্যে প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে এবং বাৎসরিক প্রশিক্ষণ কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে। প্রশিক্ষণের সকল তথ্য ডাটাবেজে সংরক্ষিত থাকবে। | (ক)১. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংশ্লিষ্ট কর্মপরিকল্পনা বাস্তবায়নসহ প্রশিক্ষণার্থীদের জন্য প্রয়োজন ও চাহিদামোতাবেক (Need Based) মাসভিত্তিক প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত করতে হবে এবং প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে;<br><br>(ক)২. প্রদত্ত প্রশিক্ষণ ঘন্টার পরিসংখ্যান এবং প্রশিক্ষণের বিষয় ও প্রশিক্ষণ প্রদানকারী কর্মকর্তাগণের নামসহ বিস্তারিত তথ্য নিয়মিতভাবে প্রতি সভায় উপস্থাপন করা।<br><br>(ক)৩.কর্মকর্তা/কর্মচারী প্রতি ৬০ ঘন্টার প্রশিক্ষণের ক্যালেন্ডার মোতাবেক প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে। | পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা/ চিকিৎসা ওপুনর্বাসন)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস)। |
| | | (খ) যে সকল সিপাইগণ সারদায় প্রশিক্ষণ গ্রহণ করেছেন সার্বিক কার্যক্রমে তাদের শৃংখলা ও দক্ষতার পরিচয় পাওয়া যায়। প্রশিক্ষণের এ ধারা অব্যাহত রাখা প্রয়োজন। | (খ)১. এনফোর্সমেন্ট এর সাথে জড়িত যে সকল কর্মকর্তা-কর্মচারী সারদায় প্রশিক্ষণ গ্রহণ করেনি তাদেরকে পর্যায়ক্রমে সারদায় প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থা করতে হবে।<br><br>**(খ)২. পুলিশ ট্রেনিং একাডেমী সারদা হতে প্রদানকৃত সিপাইগণের প্রশিক্ষণের মান সমুন্নত রাখতে প্রত্যেক জেলায় পদায়নকৃত সিপাইদের** | পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা/ সহকারী পরিচালক (কমন সার্ভিস)। |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | | **অনুশীলন একজনের নেতৃত্বে প্রতি কর্মদিবসে চলমান রাখতে হবে।**<br><br>**(খ)৩. উর্দ্ধতন কর্মকর্তাগণের মাঠ পর্যায়ে সফর আরও অর্থবহ করতে হবে এবং সভায় প্রদানকৃত নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।** | |
| | | (গ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সকল কার্যালয়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের সকল কার্যক্রমে দক্ষ হিসেবে তৈরি করতে এবং গতিশীলতা আনয়নে **অভিজ্ঞ ব্যক্তিত্ব বা অতিথি বক্তার মাধ্যমে প্রশিক্ষণ** দেয়া যেতে পারে। প্রকল্প উন্নয়ন করতে ppp-র মহাপরিচালক মহোদয়কে নিয়ে EGP বিষয়ে প্রশিক্ষণ নেয়া যেতে পারে। পাশাপাশি জুমে প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে। | (গ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সকল কার্যালয়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের সকল কার্যক্রমে দক্ষ হিসেবে তৈরি করতে এবং গতিশীলতা আনয়নে **অভিজ্ঞ ব্যক্তিত্ব বা অতিথি বক্তার মাধ্যমে প্রশিক্ষণ** দিতে হবে। প্রকল্প উন্নয়ন করতে ppp-র মহাপরিচালক মহোদয়কে নিয়ে EGP বিষয়ে প্রশিক্ষণ নিতে হবে। পাশাপাশি জুমে প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা/ উপপরিচালক (ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস)। |
| ০২ | **মাঠ পর্যায়ে সফরকালীন যথাবিহিত গুরুত্ব প্রদান।** | বিভিন্ন মন্ত্রণালয়ের উর্দ্ধতন কর্মকর্তা, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক ও পরিচালকগণকে মাঠ পর্যায়ের অফিস পরিদর্শনের সময় **পদমর্যাদা বিচারে যথাবিহিত মর্যাদা প্রদান এবং পরিদর্শনে গুরুত্ব প্রদান।** | বিভিন্ন মন্ত্রণালয়ের উর্দ্ধতন কর্মকর্তা, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক ও পরিচালকগণকে মাঠ পর্যায়ের অফিস পরিদর্শনের সময় **পদমর্যাদা বিচারে যথাবিহিত মর্যাদা প্রদান এবং পরিদর্শনে গুরুত্ব প্রদান** করতে হবে। | পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা/অপাঃ)/ অতিরিক্ত পরিচালক (সকল)। |
| ০৩ | কর্মকর্তা-কর্মচারীদের নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত। | (ক) পদোন্নতিযোগ্য কর্মকর্তা-কর্মচারীদের দ্রুত পদোন্নতি প্রদান করা। | (ক) পদোন্নতিযোগ্য কর্মকর্তা-কর্মচারীদের দ্রুত পদোন্নতি প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)। |
| | | (খ) সরাসরি নিয়োগযোগ্য সহকারী পরিচালক এর শূন্য পদে জনবল পদায়নের জন্য বাংলাদেশ পাবলিক সর্ভিস কমিশনে অধিযাচন প্রেরণ করার উপর গুরুত্বারোপ করা হয়। | (খ) ৪০তম বিসিএস এর নন-ক্যাডার হতে সরাসরি নিয়োগযোগ্য সহকারী পরিচালক এর শূন্য পদে জনবল পদায়নের জন্য বাংলাদেশ পাবলিক সর্ভিস কমিশনে অধিযাচন পত্র প্রেরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)। |
| ০৪ | মাদক মামলা /অভিযান সংক্রান্ত। | (ক) নিয়মিত মামলা দায়েরের প্রমাপ অর্জন হচ্ছে ন্যূনতম পারফরম্যান্স। এটি নিশ্চিত করতে হবে। প্রমাপ অর্জিত না হলে যুক্তিসংগত কারণ উল্লেখ করতে হবে। | (ক) নিয়মিত মামলা দায়েরের প্রমাপ অর্জনের মাধ্যমে ন্যূনতম পারফরম্যান্স অর্জন করতে হবে। কোয়ালিটি সম্পন্ন মামলা উদঘাটনে উদ্যোগ গ্রহণ করতে হবে। | পরিচালক(অপাঃ)/ অতিরিক্ত পরিচালক (সকল)/ উপ পরিচালক/ সহঃ পরিচালক, জেলা কার্যালয় (সকল)। |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | (খ) জব্দকৃত/উদ্ধারকৃত অবৈধ মাদকের বাজার মূল্য নির্ণয়/নির্ধারণ **করতে নানা অসুবিধা ও জটিলতা সৃষ্টি হয়।** | (খ) জব্দতালিকায় জব্দকৃত/উদ্ধারকৃত অবৈধ মাদকের বাজার মূল্য উল্লেখ না করে আলামতের পরিমাণ উল্লেখ করতে হবে। এ বিষয়ে অপারেশনস্ উইং হতে একটি পত্র জারি করতে হবে। | পরিচালক (অপাঃ)/ অতিরিক্ত পরিচালক (সকল)/ উপ পরিচালক/ সহঃ পরিচালক, জেলা কার্যালয় (সকল)। |
| | | (গ) বিচারাধীন মামলা নিষ্পত্তির রেকর্ড হালনাগাদ করা প্রয়োজন। | গ(১) প্রসিকিউশন শাখার মাধ্যমে প্রত্যেক জেলা/মেট্রোঃ/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়ের বিচারাধীন মামলা নিষ্পত্তির রেকর্ড হালনাগাদ রাখতে হবে। পাশাপাশি মাসিকভিত্তিতে মাঠ পর্যায় হতে মামলার তথ্য সংগ্রহ করতে হবে।<br>গ(২) কোনো অসুবিধার কারণে আদালতে মামলার সাক্ষ্য দিতে না পারলে কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ করতে হবে।<br>গ(৩) সাক্ষীর সমন কয়টি পেয়েছেন এবং কয়টিতে সাক্ষ্য প্রদান করেছেন তা পারফমেন্স মূল্যায়নে বিবেচনা করতে হবে। | পরিচালক (অপাঃ)/ অতিরিক্ত পরিচালক (সকল)। |
| | | (ঘ) মাদক ব্যবসায়ীদের তালিকা ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করতে হবে। ত্রৈমাসিক ভিত্তিতে বিভাগীয় পর্যায়ে সভা আহবান করতে হবে। পাশাপাশি মাসভিত্তিক তালিকা তৈরি করা যেতে পারে। | (ঘ) ক্যাটাগরিভিত্তিক (১.গডফাদার, ২. ব্যবসায়ী, ৩. সরবরাহকারী ও ৪. মাদক সেবী) মাদক সংশ্লিষ্টদের তালিকা হালনাগাদ করে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | পরিচালক (অপাঃ)/ অতিরিক্ত পরিচালক (সকল)। |
| | | (ঙ) মাদক ব্যবসায়ী এবং সরবরাহকারী ও মাদক সেবীকে শাস্তির আওতায় আনার লক্ষ্যে প্রয়োজনীয় সাক্ষ্য প্রমাণ যথাসময়ে আদালতে উপস্থাপনের বিষয়ে সাক্ষ্য প্রদান নিশ্চিত করতে হবে। আদালতে সাক্ষ্য প্রদান সংক্রান্ত নতুন একটি ফর্ম তৈরি করা হয়েছে এবং সেই ফর্মে মামলার সাক্ষ্য প্রদান সংক্রান্ত পরিসংখ্যান অন্তর্ভূক্ত করা যেতে পারে। | (ঙ) মাদক ব্যবসায়ী এবং সরবরাহকারী ও মাদক সেবীকে শাস্তির আওতায় আনার লক্ষ্যে যথাসময়ে আদালতে সাক্ষীর উপস্থিতি নিশ্চিত করতে হবে। আদালতে সাক্ষ্য প্রদান সংক্রান্ত নতুন একটি ফর্ম তৈরি করা হয়েছে এবং সেই ফর্মে মামলার সাক্ষ্য প্রদান সংক্রান্ত পরিসংখ্যান অন্তর্ভূক্ত করতে হবে। | পরিচালক (অপাঃ)/ অতিরিক্ত পরিচালক (সকল)। |
| | | (চ) যে সকল কর্মকর্তা-কর্মচারী অবসরে **গিয়েছেন** তারা সাক্ষ্য দিতে আসেন না।যার ফলে অনেক মামলা নিষ্পত্তি হচ্ছে না। অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের সাক্ষ্য প্রদানের জন্য কোন ভাতা প্রদানের ব্যবস্থা করা যায় কিনা। বিষয়টি আইন মন্ত্রণালয় সংশ্লিষ্ট। | (চ) যে সকল কর্মকর্তা-কর্মচারী অবসরে **গিয়েছেন** তারা সাক্ষ্য দিতে আসেন না। যার ফলে অনেক মামলা নিষ্পত্তি হচ্ছে না। অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের সাক্ষ্য প্রদানের জন্য **নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়:**<br>(চ)১. **বিজ্ঞ আদালতের অনুমতি সাপেক্ষে একজন সাক্ষীকে একটি মামলায় একবার হাজির করে সংশ্লিষ্ট তথ্য গ্রহণের ব্যবস্থা নিতে** | পরিচালক(অপাঃ)/ পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)/ উপপরিচালক (ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন)। |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | | **প্রসিকিউটর ভূমিকা রাখবেন।**<br>**(চ)২. অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর বিজ্ঞ আদালতে যাওয়া-আসার ব্যবস্থাসহ তার জন্য তথ্য প্রস্তুত রাখতে প্রসিকিউটর ভূমিকা রাখবেন।**<br>**(চ)৩. বয়:বৃদ্ধ কোন অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীর ব্যক্তিগত কোন অসুবিধা নিরসনের ব্যবস্থা জেলা কার্যালয় গ্রহণ করবে।**<br>পাশাপাশি এ বিষয়ে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। | |
| | | (ছ) মামলার বেসিক তথ্য প্রসিকিউটর/সহকারী প্রসিকিউটর এর মাধ্যমে আদালতে উপস্থাপন করতে পারলে মামলা নিষ্পত্তি ত্বরান্বিত হবে মর্মে প্রতীয়মান হয়। | (ছ) মামলার বেসিক তথ্য সার-সংক্ষেপ আকারে প্রসিকিউটর/সহকারী প্রসিকিউটর এর মাধ্যমে আদালতে উপস্থাপন করতে হবে। | প্রসিকিউটর/সহকারী প্রসিকিউটর |
| ০৫ | চিকিৎসা ও পুনর্বাসন সংক্রান্ত। | (ক) মাদকাসক্তি চিকিৎসা ও নিরাময় কেন্দ্র পরিদর্শনের জন্য জারীকৃত অফিস আদেশ মোতাবেক পরিদর্শন অব্যাহত রাখতে হবে এবং পরিদর্শন প্রতিবেদন প্রধান কার্যালয়ে ছক আকারে প্রেরণ নিশ্চিত করবে। | (ক) বিভাগীয় ও জেলা পর্যায়ে গঠিত মাদকাসক্তি চিকিৎসা ও নিরাময় কেন্দ্র মনিটরিং টিম এর সাথে সমন্বয়পূর্বক পরিদর্শন করতে হবে এবং পরিদর্শন প্রতিবেদন ই-মেইলের মাধ্যমে অপারেনশন্স অধিশাখায় প্রেরণ করে সংশ্লিষ্ট কর্মকর্তা কথা বলে পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তি নিশ্চিত করবেন। | পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/অতিরিক্ত পরিচালক(সকল)/ উপপরিচালক/সহঃ পরিচালক/জেলা কার্যালয় (সকল)। |
| | | (খ) প্রত্যেক কারাগারে মাদকাসক্ত আসামীদেরকে পৃথক ওয়ার্ডে রাখার জন্য এবং ঐ ওয়ার্ডটিকেই মাদকাসক্তি নিরাময় কেন্দ্র হিসেবে ঘোষণা দেওয়ার উদ্যোগ নিতে হবে। নিজ নিজ বিভাগের কারা কর্তৃপক্ষের সাথে সংশ্লিষ্ট অতিরিক্ত পরিচালকগণ যোগাযোগ করবেন। যেসকল বিভাগে সিদ্ধান্তটি বাস্তবায়ন করা যাচ্ছে না সেসব বিভাগীয় কর্মকর্তাগণ লিখিতভাবে প্রধান কার্যালয়ে জানাবেন। প্রধান কার্যালয় থেকে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে কারা অধিদপ্তরে পত্র প্রেরণ করা যেতে পারে। | খ(১) প্রত্যেক কারাগারে মাদকাসক্ত আসামীদের জন্য পৃথক কক্ষের ব্যবস্থা গ্রহণ করতে প্রত্যেক অতিরিক্ত পরিচালক সংশ্লিষ্ট রেঞ্জের ডিআইজি (প্রিজন) এর সাথে ব্যক্তিগত যোগাযোগ করবেন।<br>খ(২) প্রত্যেক কারাগারের ১ জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ দিয়ে মাদকাসক্তদের কাউন্সিলিং সেবা প্রদানের জন্য উপযোগী করে গড়ে তুলতে হবে।<br>**খ(৩) প্রত্যেক কারাগারে মাদকাসক্তদের জন্য আলাদা কক্ষ বরাদ্দের জন্য সুরক্ষা সেবা বিভাগের মাধ্যমে আইন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।** | পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/অতিরিক্ত পরিচালক(সকল)। |
| | | (গ) সরকারী মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহে রোগীদের খাবারের মান উন্নীতকরণ। | (গ) সরকারী মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহে রোগীদের খাবারের মান উন্নয়নের লক্ষ্যে মাথাপিছু দৈনিক বরাদ্দ ১০০ টাকা হতে বৃদ্ধি করে ৩০০ টাকায় নির্ধারণ করার যৌক্তিকতাসহ প্রস্তাব সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে। | পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/অতিরিক্ত পরিচালক(সকল)। |
| | | (ঘ) জেলা/উপজেলাভিত্তিক মাদকাসক্ত ব্যক্তিদের সার্বিক তথ্য হালনাগাদ করে তালিকা প্রতিমাসে আপডেট করা যেতে | (ঘ) জেলা/উপজেলা ভিত্তিক মাদকাসক্ত ব্যক্তিদের সার্বিক তথ্যের হালনাগাদ তালিকা প্রতিমাসে আপডেট করতে হবে। | পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/অতিরিক্ত পরিচালক(সকল)। |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | পারে। | | |
| ০৬ | নিরোধ শিক্ষা কার্যক্রম। | দেশব্যাপী মাদকের ক্ষতিকর ও ভয়াবহ পরিণতি সম্পর্কে জনসাধারণের মধ্যে সর্বাধিক সচেতনতা সৃষ্টির প্রয়াসে বিভিন্ন কর্মসূচি গ্রহণ ও তা বাস্তবায়নে সক্রিয় ভূমিকা রাখতে হবে। বিবেচ্য সময়ের তথ্য এবং উল্লেখযোগ্য ছবি ক্যাপসনসহ জারীকৃত নির্দেশনা মতে বিভাগীয় কার্যালয় হতে সমন্বিত আকারে প্রতিবেদনসহ জেলার তথ্য প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | দেশব্যাপী মাদকের ক্ষতিকর ও ভয়াবহ পরিণতি সম্পর্কে জনসাধারণের মধ্যে সর্বাধিক সচেতনতা সৃষ্টির প্রয়াসে বিভিন্ন কর্মসূচি গ্রহণ ও তা বাস্তবায়নে সক্রিয় ভূমিকা রাখতে হবে। পরিবর্তিত পরিস্থিতির সাথে সংগতি রেখে কর্মসূচি গ্রহণ করে তা বাস্তবায়ন করতে হবে। | পরিচালক (নিরোধ শিক্ষা)/অতিরিক্ত পরিচালক (সকল)/ উপ পরিচালক/ সহঃ পরিচালক, জেলা কার্যালয় (সকল)। |
| ০৭ | অধিদপ্তরের জমি সংক্রান্ত। | (ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের দখলীয় জমির ভূমি উন্নয়ন কর/পৌর কর নিয়মিত পরিশোধ ও মিউটেশন সম্পন্ন করতে হবে। কোনরূপ প্রতিবন্ধকতা না থাকা অবস্থায় কারো ভূমি উন্নয়ন কর অপরিশোধিত থাকলে সংশ্লিষ্ট কর্মকর্তা দায়ী থাকবেন। | ক(১) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের দখলীয় জমির ভূমি উন্নয়ন কর/পৌর কর নিয়মিত পরিশোধ ও মিউটেশন সম্পন্ন করতে হবে। পাশাপাশি প্রধান কার্যালয়সহ অধিদপ্তরের সকল কার্যালয়ের নিজস্ব জমির রেকর্ড সংশ্লিষ্ট সকল ডকুমেন্টসহ সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করতে হবে। | পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)/ অতিরিক্ত পরিচালক (সকল)/উপপরিচালক /সহকারী পরিচালক (সকল)জেলা কার্যালয়/ মেট্রো কার্যালয়। |
| | | (খ) অধিদপ্তরের বেদখলকৃত জমি পুনরুদ্ধারে কার্যক্রম গ্রহণ করতে হবে। নিয়মিত প্রধান কার্যালয়ে এস্টেট শাখায় ফলোআপ রিপোর্ট পাঠাতে হবে। | (খ) অধিদপ্তরের বেদখলকৃত জমি পুনরুদ্ধারে কার্যক্রম গ্রহণ করতে হবে। নিয়মিত প্রধান কার্যালয়ে এস্টেট শাখায় ফলোআপ রিপোর্ট পাঠাতে হবে। জমি সংক্রান্ত বিষয়ে বাস্তুনিষ্ঠ প্রতিবেদন দিতে হবে। | পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)/ পরিচালক(চিকিৎসা ও পুনর্বাসন)অতিরিক্ত পরিচালক (সকল)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস)। |
| | | (গ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের দখলীয় খাস জমির দখল কোন ভাবেই ছাড়া যাবে না। পাশাপাশি যে সকল জমি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের দখলে আছে এবং জমির মালিকানা প্রমাণে যথাযথ দালিলিক কাগজপত্র নেই সে সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট কাগজপত্র সংগ্রহের উদ্যোগ নিতে হবে। | (গ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের দখলীয় খাস জমির দখল কোন ভাবেই ছাড়া যাবে না। যে সকল জমিতে বাউন্ডারি ওয়াল নেই বাউন্ডারি ওয়াল নির্মাণ করতে হবে। পাশাপাশি যে সকল জমি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের দখলে আছে এবং জমির মালিকানা প্রমাণে যথাযথ দালিলিক কাগজপত্র নেই সে সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট কাগজপত্র সংগ্রহ করতে হবে বা আইনগত পদক্ষেপ নিতে হবে। | পরিচালক(প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)/ পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)অতিরিক্ত পরিচালক (সকল)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস)। |
| ০৮ | বিভাগীয় কর্মকর্তাদের অফিস পরিদর্শন। | প্রত্যেক বিভাগীয় কর্মকর্তা বাধ্যতামূলকভাবে মাসে ০২টি অফিস পূর্ণাঙ্গ পরিদর্শন করবেন এবং পরিদর্শন প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবেন। প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট ডেস্ক অফিসার প্রাপ্ত পরিদর্শন প্রতিবেদনের মতামতের উপর সিদ্ধান্ত | ৮(ক) প্রত্যেক বিভাগীয় কর্মকর্তা বাধ্যতামূলকভাবে মাসে ০২টি অফিস পূর্ণাঙ্গ পরিদর্শন করবেন এবং পরিদর্শন প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবেন। অতিরিক্ত পরিচালকগণ তার বিভাগের এতদসংক্রান্ত তথ্য সভায় নিয়মিতভাবে পেশ করবেন। পাশাপাশি প্রতি মাসের ৩০ তারিখের | পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)/ অতিরিক্ত পরিচালক (সকল)/ সহঃ পরিচালক (কমন সার্ভিস)। |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | গ্রহণের লক্ষ্যে নথিতে উপস্থাপন করবেন। গৃহীত সিদ্ধান্ত প্রতিবেদন প্রেরণকারী কর্মকর্তাকে অবহিত করা যেতে পারে। পাশাপাশি প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে সম্ভাব্য ভ্রমণসূচি প্রধান কার্যালয়ে প্রেরণ করা যেতে পারে। | মধ্যে সম্ভাব্য ভ্রমণসূচি প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে;<br>৮(খ) বিভাগীয় কর্মকর্তাগণ কর্তৃক পরিদর্শনে প্রাপ্ত পর্যবেক্ষণ ও সুপারিশসমূহ পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা) পরিমাপ করবেন এবং পরিদর্শনের বিষয়টি follow up করবেন। | |
| ০৯ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও সুশাসন সংক্রান্ত অন্যান্য কার্যক্রম। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও জাতীয় উদ্ভাবন কর্মপরিকল্পনা যথাযথভাবে যথাসময়ে বাস্তবায়ন করবেন। প্রতি মাসের ৫ তারিখের মধ্যে প্রতিবেদন প্রেরণ করতে হবে। এপিএ-র লক্ষ্যমাত্রা এপ্রিল/২০২২ মাসের মধ্যে শতভাগ অর্জন করতে হবে। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও জাতীয় উদ্ভাবন কর্মপরিকল্পনার সূচকভিত্তিক দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ/কর্মকর্তা লক্ষ্যমাত্রা অর্জন যথাযথভাবে যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। প্রতি মাসের ৫ তারিখের মধ্যে প্রতিবেদন প্রেরণ করতে হবে। এপিএ-র লক্ষ্যমাত্রা মে/২০২২ মাসের মধ্যে শতভাগ অর্জন করতে প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | পরিচালক (সকল) /অতিরিক্ত পরিচালক (গোয়েন্দা)/উপ পরিচালক (সকল) / সহঃ পরিচালক (সকল), জেলা কার্যালয়/প্রধান কার্যালয়, ঢাকা। |
| ১০ | বিবিধ। | (ক) অধিদপ্তরের প্রতিটি কার্যালয়ে জব্দকৃত আলামত পরিত্যক্ত অবস্থায় পড়ে থাকে। এসব জব্দকৃত আলামত/পরিত্যক্ত যানবাহন নিলাম/বিক্রি/ধ্বংসকরণের নিমিত্ত একটি কমিটি গঠন করা যেতে পারে। | (ক) অধিদপ্তরের প্রতিটি কার্যালয়ে জব্দকৃত/পরিত্যক্ত যানবাহন নিলাম/বিক্রি/ধ্বংসকরণের নিমিত্ত একটি কমিটি গঠন করতে হবে। | পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)/পরিচালক (অপারেশন্স)/ অতিরিক্ত পরিচালক (সকল)। |
| | | (খ) ডোপটেস্ট বিধিমালা ও ডোপটেস্ট প্রকল্পের নাম পরিবর্তন/পরিবর্ধন সংক্রান্তে মন্ত্রণালয়ের প্রস্তাব যাচাই করণ | ডোপটেস্ট বিধিমালা ও ডোপটেস্ট প্রকল্পের নাম পরিবর্তন/পরিবর্ধন সংক্রান্তে ১টি কমিটি গঠন করতে হবে। | পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)/পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) |

০৩। অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০৪/২০২২

(মোঃ আব্দুস সবুর মন্ডল পিএএ)
মহাপরিচালক

নং৫৮.০২.০০০০.০০৫.০৬.০০১.২১- ১৪৮৮

১৫ বৈশাখ, ১৪২৯
তারিখ: ২৮ এপ্রিল, ২০২২

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

০১। পরিচালক (প্রশাসন/অপারেশন্স/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
০২। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ঢাকা।
০৩। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, ঢাকা।
০৪। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ/রংপুর/গোয়েন্দা শাখা, ঢাকা।
০৫। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।
০৬। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭। সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।

রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় রাসায়নিক পরীক্ষাগার, চট্টগ্রাম।

০৮। উপপরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/অপারেশন্স), প্রধান কার্যালয়, ঢাকা।

০৯। উপ-পরিচালক/সহকারী পরিচালক (.........................), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/মেট্রো কার্যালয়/টেকনাফ বিশেষ জোন, .........................।

১০। সহকারী পরিচালক (প্রশাসন/ অপারেসন্সস্/অর্থ ও হিসাব/কমন সার্ভিস/নিরোধ শিক্ষা/গবেষণা ও প্রকাশনা/চিকিৎসা ও পুনর্বাসন/গোয়েন্দা/ক্রয়,পরিকল্পনা ও উন্নয়ন) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

১১। সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

১২। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৩। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের এর ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৪। অফিস কপি/গার্ড ফাইল।

২৫/০৪/২০২২

(দীপজয় খীসা)
সহকারী পরিচালক(প্রশাসন)
মোবাইল :+৮৮ ০১৬৭০৬৪৬৪২২
ইমেইল: adadmin@dnc.gov.bd